মেহেরপুরে যুগান্তর পত্রিকার ২৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

মেহেরপুরে যুগান্তর পত্রিকার ২ যুগে পদার্পণ করায় প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়।
সোমবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে আলোচনা সভা ও একজন যুদ্ধ শিশুকে শুভেচ্ছা স্মারক প্রদানের মাধ্যমে জমকালো প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করে যুগান্তরের পাঠক সংগঠন স্বজন সমাবেশ।

গাংনী উপজেলা সমবায় অফিসার ও সাংস্কৃতিক কর্মী মাহবুবুল হক মন্টুর সঞ্চালনায় মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক স্বজন সমাবেশের সভাপতি আব্দুল্লাহ আল-আমিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌরসভার চেয়ারম্যান মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ হারুন জুয়েল, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি ও দৈনিক যুগান্তর পত্রিকার সাংবাদিক তোজাম্মেল আযম, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক ইত্তেফাক পত্রিকার সাংবাদিক মাহবুব চান্দু, কালের কন্ঠের সাংবাদিক ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা শিল্পকলা একাডেমির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, সাংস্কৃতিক কর্মী শামিম জাহাঙ্গীর সেন্টু, জেলা প্রেস ক্লাবের কোষাধাক্ষ ও বাসসের সাংবাদিক দিলরুবা খাতুন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকন যুদ্ধ শিশু সেলিনা সেফি সহ বিভিন্ন অতিথি এবং সংবাদকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌরসভার চেয়ারম্যান মাহফুজুর রহমান রিটন বলেন সাংবাদিকতা এটা পেশা না এটা একটি নেশা যাদের নেশা তারাই সাংবাদিক হতে পারে। এলাকার উন্নয়নে সাংবাদিকদের লেখার স্বাধীনতা দিতে হবে। সাংবাদিকদের লেখার মাধ্যমে ভুলত্রুটি সংশোধণ করার সুযোগ থাকে। একই সঙ্গে সাংবাদিকদেরও বস্তুনিষ্ঠতা বজায় রেখে লেখার আহবান করেন।

সভাপতির বক্তব্যে মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক ও যুগান্তর স্বজন সমাবেশের সভাপতি আব্দুল্লাহ আল-আমিন বলেন বাংলাদেশকে আধুনিক রাষ্ট্রে পরিণত করতে চায় আমরা বাংলাদেশকে সমৃদ্ধ রাষ্ট্রে পরিণত করতে চায়। ঠিক তেমনি ভাবে মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত মেহেরপুরকে আধুনিক জনপদ হিসাবে প্রতিষ্ঠিত করতে চাই।

জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক ইত্তেফাক পত্রিকার সাংবাদিক মাহবুব চান্দু বলেন, রাগ অনুরাগ, লোভ সকল কিছুর ঊর্ধ্বে সাংবাদিকতা করতে হয় সেই অর্থে মেহেরপুরের সিনিয়র সাংবাদিক যুগান্তর পত্রিকার তোজাম্মেল আযম ইতিমধ্যে সেটা প্রমাণ করেছে।
মেহেরপুর আইনজীবী সমিতির সেক্রেটারি খ ম ইমতিয়াজ হারুন জুয়েল বলেন, যুগান্তর পত্রিকার সাংবাদিক তোজাম্মেল আযম একজন ব্যতিক্রমধর্মী এবং সাহসী সাংবাদিক।

কালের কন্ঠের সাংবাদিক ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন বলেন, যুগান্তর সাংবাদিকদের পাঠশালা। কারণ ছোট বড় মাঝারি বিশ্লেষণ ধর্মী সকল নিউজ যুগান্তরে দেখতে পায় যেগুলো অন্য কোন পত্রিকায় দেখা যায় না। ফলে একজন সংবাদকর্মী হিসেবে মাঝে মাঝে যুগান্তরকে ঈর্ষাও করি।

জেলা প্রেস ক্লাবের কোষাধক্ষ্য ও বাসসের সাংবাদিক দিলরুবা খাতুন বলেন যুগান্তরের সাথে প্রেম আমার দেড় যুগেরও বেশি যুগান্তরের মাধ্যমে আমার সাংবাদিকতা হয়ে ওঠার গল্প।

অনুষ্ঠানে যুদ্ধ শিশু সেলিনা ছেপি যুগান্তর স্বজন সমাবেশের পক্ষ থেকে শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়। অনুভুতি ব্যক্ত করতে গিয়ে যুদ্ধ শিশু সেলিনা সেফি বলেন, আমার মা খুব কষ্ট করে আমাদের মানুষ করেছে। আমি স্কুল জীবনে পড়াশোনা করতে গিয়ে বাপের পরিচয় পাইনি স্কুল থেকে সরিয়ে দিয়েছে। বাইরে এসে লেখাপড়া করেছি যখন স্বামীর বাড়িতে গেছি তখনও বাপের পরিচয় উঠেছে। তখন বলেছে তোমার বাপ মায়ের পরিচয় নেই তোমরা ধর্ষিতা কন্যা স্বামীতে ভাত দেয়নি খুব কষ্টে দুটি সন্তানকে মানুষ করেছি।

মেহেরপুরে ঢাকা পোষ্টের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

সত্য ও বস্তুনিষ্ঠতা আছে বলেই এতো এতো সংবাদ মাধ্যমের মধ্যে ঢাকা পোষ্ট অল্প বয়সের হলেও মানুষের মাঝে আস্থার গণমাধ্যম হিসেবে পরিচিতি পেয়েছে। দেশ ও জাতির কল্যাণে কাজ করে বলেই ঢাকা পোষ্ট বিভিন্ন পুরুস্কার অর্জন করেছে। আর এই তথ্য প্রযুক্তি ও প্রতিযোগাীতায় টিকে থাকা সম্ভব হয়েছে যারা সম্পাদকীয়তার দায়িত্বে রয়েছেন তাদের সৃষ্টিশীল চিন্তাভাবনা ও দায়িত্বের জায়গা থেকে অনড় অবস্থান। ঢাকা পোষ্টকে এগিয়ে নিয়ে যাচ্ছে দক্ষ দায়িত্বশীল ব্যাক্তিরা। ঢাকা পোষ্টের মাধ্যেমে বাংলাদশের প্রথম রাজধানী আমাদের ঐতিহাসিক মেহেরপুরকেও বিশ্বদরবারে তুলে ধরার সুযোগ হয়েছে। এসব কথা বলেছেন মেহেরপুর সরকারি মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলাম।

আজ বৃহস্পতিবার (১৬ ফেব্রুয়ারী) বিকেল সাড়ে তিনটার সময় মেহেরপুর জেলা প্রেসক্লাব মিলনায়তনে ঢাকা পোষ্টের দ্বিতীয় বর্ষপুর্তীর আলোচনা সভা অনুষ্ঠানে অতিথিরা তাদের বক্তব্যে ঢাকা পোষ্টের নির্ভরযোগ্য সংবাদ ও প্রতিষ্ঠানের আরও সাফল্য কামনা করে এসব কথা বলেন।

ঢাকা পোষ্টের মেহেরপুর প্রতিনিধি আকতারুজ্জামানের সভাপতিত্বে এবং মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় অতিথি হিসেবে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন আব্দুল মালেক, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম,সরকারি ডিগ্রী কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমীন ধুমকেতু, দৈনিক মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, সাংস্কৃতিক ব্যাক্তিত্ব শামীম জাহাঙ্গীর সেন্টু, গাংনী প্রেসক্লাব সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, ও বাংলাদেশ সংবাদ সংস্থা(বাসস)এর প্রতিনিধি দিলরুবা ইয়াসমিন।

আলোচনা সভা শেষে কেক কাটা ও শোভা যাত্রার মাধ্যমে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। ঢাকা পোষ্টের প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে মেহেরপুরের বিভিন্ন গণ মাধ্যমে কর্মরত সাংবাদিক ও নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশ গ্রহন করেন।

মেহেরপুরে ছাত্রলীগের ৭৫ তম প্রতিষ্ঠাবাষির্কী পালন

দেশের সবচেয়ে প্রাচীন ও ঐতিহ্যবাহী সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করেছে (বৈজ্ঞানিক সমাজতন্ত্রে বিশ্বাসী) বাংলাশে ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখা।

বুধবার দুপুরে মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ড থেকে একটি র্যালি বের হয়ে কলেজ মোড়ের শহীদ স্মৃতিসৌধে পুস্পমাল্য অর্পন করে নেতাকর্মীরা।

জাতীয় যুবজোটের কেন্দ্রীয় সদস্য ও সাবেক ছাত্রনেতা নুরুস সাফা প্লাবনের নেতৃত্বে ছাত্রলীগ নেতা তানভির আহমেদ, সজল আহমেদ, সাগর আগমেদ, তৌহিদুল ইসলা, মিল্টন , সাজিবুল, আব্দুলআলিম, জয়, রাজিব, মাসুম, আমানুরসহ বিভিন্ন পর্যায়ের কর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় জাতীয় যুবজোটের কেন্দ্রীয় সদস্য নুরুস সাফা প্লাবন তার বক্তব্যে বলেন, মুক্তিযুদ্ধের অঙ্গিকারের বাংলাদেশ ও অসাম্প্রদায়িক সমাজতান্ত্রিক বাংলাদেশ বিনির্মানের আন্দোলনকে আরো শক্তিশালী ও বেগবান করতে হবে।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাবার্ষিকী ও চিত্রাঙ্কন প্রতিযোগীতা

আজ মেহেরপুর জেলা প্রেস ক্লাবের ৫ম প্রতিষ্ঠাবার্ষিকী। ২০১৭ সালের এই দিনে সাংবাদিকদের অধিকার আদায় ও পেশাগত মর্যাদার বৃদ্ধির লক্ষ্যে যাত্রা শুরু করেছিলো মেহেরপুর জেলা প্রেস

ক্লাব।

জেলা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে আজ কাশারি বাজারস্থ জেলা প্রেস ক্লাব কার্যালয়ে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে।

চিত্রাঙ্কন প্রতিযোগীতায় মেহেরপুর শহরের ৬টি শিক্ষা প্রতিষ্ঠানে ১২ জন শিশু শিক্ষার্থী চিত্রাঙ্কন প্রতিযোগীতায় রেজিস্ট্রেশন করেছে। আজ শুক্রবার সকাল ১০টায় এ প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগীতা শেষে দুপুর ১২ টায় বিজয়ীদের মাঝে পুরুস্কার বিতরণ করা হবে। মেহেরপুর পৌর মেয়র মাহফজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী শিশুদের হাতে পুরস্কার তুলে দিবেন।

প্রতিযোগীতায় অংশগ্রহণকারীরা হলো-বি.এম মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের আছিয়া খাতুন, রওজাতুল ফেরদৌস রাইয়া, জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ফাবিহা রহমান মাহি, নাফিসা তাবাসুম মালিহা, মিশন প্রাথমিক বিদ্যালয়ের মোহনা ফেরদৌস, মেহেজাবিন তৌফিক, এস এম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের আরিবা ফাইরুজ ওহী, অনন্যা ইসলাম, হাজী গোলাম কাওছার গ্লোরিয়াস প্রি-ক্যাডেট একাডেমীর মুনতাসির সাইফ, আনিকা ইবনাত জেবা ও অক্সফোর্ড কিন্ডার গার্টেনের ঋষিকেশ সরকার দিব্য ও মেধা বিনতে মাহামুদ।

জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুসহ প্রেস ক্লাবের সদস্যরা প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে অতিথিদের স্বাগত জানাবেন।

মেহেরপুরে এনটিভির প্রতিষ্ঠাবার্ষিকী পালন

জনপ্রিয় স্যাটেলাইট টেলিভিশন এনটিভি ১৯ পেরিয়ে ২০ বছরে পদার্পণ উপলক্ষে মেহেরপুরে শোভাযাত্রা, আলোচনা সভা ও কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

আজ রবিবার সকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এনটিভির জেলা প্রতিনিধি রেজ আন উল বাসারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফারুক হোসেন, মেহেরপুর সদর থানার ওসি জুলফিকার আলী।

সাংবাদিক বেন ইয়ামিন মুক্তর সঞ্চালনায় বক্তব্য দেন সাংবাদিক কামারুজ্জামান, মেহের আমজাদ। পরে সেখানে কেক কাটা হয়।

এর আগে জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গন থেকে একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়। প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে জেলায় কর্মরত বিভিন্ন গণমাধ্যমের প্রতিনিধিরা অংশ নেন।

চুয়াডাঙ্গায় জমকালো আয়োজনে এশিয়ান টিভির সপ্তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে

জনপ্রিয় স্যাটেলাইট চ্যানেল “এশিয়ান টেলিভিশন”র ৭ম বর্ষপূর্তি শেষে অষ্টম বর্ষে পদার্পণ উপলক্ষে চুয়াডাঙ্গা প্রেসক্লাবে আজ ১৮ জানুয়ারি জমকালো আয়োজনে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন।

দৈনিক প্রথম আলোর সাংবাদিক শাহ আলম সনি’র সঞ্চালনায় এবং এশিয়ান টিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি জনাব আজাদ হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার সূ্যোগ্য জেলা প্রশাষক জনাব নজরুল ইসলাম সরকার, বিশেষ অতিথি ছিলেন, জেলা পুলিশ সুপার জনাব জাহিদুল ইসলাম, ঐতিহ্যবাহী কেরু এন্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব জাহেদ আলী আনসারী, অতিরিক্ত পুলিশ সুপার জনাব কলিমুল্লাহ, চুয়াডাঙ্গার

নেজারত ডেপুটি কালেক্টর মজিবুর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জনাব রাজিব হাসান কচি,বাংলাদেশ সাংবাদিক সমিতির চুয়াডাঙ্গা ইউনিটের সভাপতি প্রবীণ সাংবাদিক জনাব আজাদ মালিথা,চুয়াডাঙ্গা আদর্শ মহিলা সরকারি কলেজের সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা) মাহমুদ কবির তপন।উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গায় কর্মরত সকল প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ, অনুষ্ঠানে কেক কাটা আলোচনা সভা এবং বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়, বর্নিল আয়োজনে সার্বিক সহযোগিতা করেন